# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**03-05-2026** **Time: 7.35 AM**

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) নির্বাচন কমিশন, দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে ভোট সম্পূর্ণ বাতিল করে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। আগামী ২১শে মে এই কেন্দ্রে ভোটগ্রহণ। ভোট গণনা ২৪ শে মে।

২) দক্ষিণ ২৪ পরগণার দুটি বিধানসভা কেন্দ্রের ১৫ টি বুথে পুনর্নির্বাচন গতকাল মোটের ওপর শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ভোটদানের হার গড়ে ৯০ শতাংশ।

৩) রাজ্যে বিধানসভা নির্বাচনের ফল ঘোষণা আগামীকাল। গণনা প্রক্রিয়াকে সুষ্ঠু ও স্বচ্ছ রাখতে নির্বাচন কমিশন, অতিরিক্ত গণনা পর্যবেক্ষক ও পুলিশ পর্যবেক্ষক মোতায়েন করেছে।

৪) রাজ্যের বেশিরভাগ জেলাতে আগামী কয়েকদিন ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

৫) আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে।

---

নির্বাচন কমিশন দক্ষিণ ২৪ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে ভোট সম্পূর্ণ বাতিল করে পুনর্নির্বাচনের নির্দেশ দিয়েছে। নতুন করে ভোটগ্রহণের দিন ধার্য হয়েছে ২১শে মে। সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোট নেওয়া হবে। গণনা ২৪শে মে। কমিশনের রিপোর্টে উঠে এসেছে যে ফলতা কেন্দ্রের ২৮৫ টি বুথেই ভোটগ্রহণ প্রক্রিয়া গুরুতরভাবে প্রভাবিত হয়েছে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

(পর্যবেক্ষকদের রিপোর্ট খতিয়ে দেখে কমিশন জানিয়েছে, একাধিক বুথে ইভিএমে কারচুপি, ভোটারদের ভয় দেখানো, এবং ভোটগ্রহণের ক্ষেত্রে গুরুতর নিয়ম ভঙ্গের একাধিক ঘটনা ঘটেছে। কমিশনের নথিতে উল্লেখ করা হয়েছে, বহু বুথে ব্যালট ইউনিটের বোতামে কালো টেপ লাগানো ছিল, যার ফলে ভোটাররা সঠিকভাবে ভোট দিতে পারেননি।

তদন্তে আরও উঠে এসেছে, একাধিক বুথে ওয়েবকাস্টিং বা ভিডিও ফুটেজ অনুপস্থিত বা অসম্পূর্ণ। কিছু ক্ষেত্রে ভিডিও রেকর্ডিংই পাওয়া যায়নি, আবার কোথাও ফুটেজে অসঙ্গতি ধরা পড়েছে। ফলে পুরো ভোটপ্রক্রিয়ার স্বচ্ছতা নিয়েই প্রশ্ন উঠেছে।)

----------------

এদিকে, দক্ষিণ ২৪ পরগনার দুটি বিধানসভা কেন্দ্রের ১৫টি বুথে পুনর্নির্বাচন গতকাল মোটের ওপর নির্বিঘ্নেই সম্পন্ন হয়েছে। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী শেষ খবর পাওয়া পর্যন্ত ভোটদানের হার গড়ে ৯০ শতাংশ।

সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এবং পর্যবেক্ষকদের রিপোর্টের ভিত্তিতে নির্বাচন কমিশন এই বুথগুলিতে পুনর্নির্বাচনের নির্দেশ দেয়।

----------------

ফলতা বিধানসভায় নতুন করে ভোটগ্রহণের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে বিজেপি। দলের নেতা অমিত মালবিয়া সামাজিক মাধ্যমের পোস্ট করে বলেছেন, তৃণমূল কংগ্রেসের ডায়মন্ড হারবার মডেল এই ঘটনায় ধুলিস্মাৎ হয়েছে।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক তথা ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় ফলতার পুনর্নির্বাচনের সিদ্ধান্তে নির্বাচন কমিশনের সমালোচনা করেছেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে তিনি বলেন, ডায়মন্ড হারবার মডেল কে কালিমালিপ্ত করতেই এই সিদ্ধান্ত।

----------------

ভোট পরবর্তী হিংসার অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন ফলতার তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খানের ঘনিষ্ঠ দুই নেতার বিরুদ্ধে অবিলম্বে FIR দায়ের এর নির্দেশ দিয়েছে। নির্দেশ মানতে গড়িমসি করলে সংশ্লিষ্ট থানার ওসির বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। জাহাঙ্গির-ঘনিষ্ঠ দুই নেতা ইস্রাফুল চোকদার এবং সুজাদ্দিন শেখ ছাড়াও তাঁদের সহযোগীদের বিরুদ্ধে বিজেপি সমর্থক বলে পরিচিত কয়েকটি পরিবারের উপরেও চড়াও হওয়ার অভিযোগ রয়েছে। মারধোরের পাশাপাশি তাঁদের গ্রামছাড়া করারও হুমকি দেওয়া হয়।

----------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের ফল ঘোষণা আগামীকাল। সকাল ৮ টা থেকে শুরু হবে ভোটগণনা। প্রথমে পোস্টাল ব্যালট এবং তারপর ইভিএম-এর গণনা শুরু হবে। নির্বাচন কমিশন ভোটগণনা অবাধ ও স্বচ্ছ রাখতে ব্যাপক বন্দোবস্ত করেছে। প্রতিটি

গণনাকেন্দ্রের ১০০ মিটারের মধ্যে জারি হয়েছে বিধি নিষেধ। সিসিটিভি ক্যামেরা ও ভিডিওগ্রাফির মাধ্যমে পুরো প্রক্রিয়ার ওপর নজর রাখা হচ্ছে।

---------------

বিধানসভা নির্বাচনের গণনা প্রক্রিয়াকে সুষ্ঠু ও স্বচ্ছ রাখতে নির্বাচন কমিশন অতিরিক্ত গণনা পর্যবেক্ষক ও পুলিশ পর্যবেক্ষক মোতায়েন করেছে। ১৬৫ জন অতিরিক্ত গণনা পর্যবেক্ষক এবং ৭৭ জন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে। যেসব বিধানসভা কেন্দ্রে একাধিক গণনা হল রয়েছে, সেখানে কাউন্টিং অবজারভারদের সহায়তা করতে, এই অতিরিক্ত পর্যবেক্ষকদের রাখা হয়েছে। একই সঙ্গে গণনাকেন্দ্রের নিরাপত্তা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যবেক্ষণের দায়িত্বে থাকবেন পুলিশ অবজারভাররা। কমিশনের দাবি, এই পদক্ষেপের মূল লক্ষ্য হল গণনাকে সম্পূর্ণ নিরাপদ, শান্তিপূর্ণ এবং ভীতি-মুক্ত পরিবেশে সম্পন্ন করা।

গণনাকেন্দ্রে প্রবেশ নিয়েও জারি হয়েছে কড়া নির্দেশিকা। শুধুমাত্র কিউআর কোড-ভিত্তিক পরিচয়পত্র থাকলেই প্রবেশের অনুমতি মিলবে। এই পরিচয়পত্র ইসিআইনেটের মাধ্যমে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারদের দ্বারা জারি করা হবে। গণনা চলাকালীন শুধুমাত্র কাউন্টিং অবজারভার এবং রিটার্নিং অফিসার ছাড়া কাউন্টিং হলের ভিতরে মোবাইল ফোন নিয়ে প্রবেশের অনুমতি থাকছে না।

---------------

বিধাননগরে স্ট্রংরুমের বাইরে ক্যাম্প অফিস বসানোকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে গতরাতে তীব্র উত্তেজনা ছড়ায়। বিজেপির অভিযোগ, তাদের তাঁবুতে তৃণমূল কংগ্রেসের কর্মী-সমর্থকেরা নিজেদের দলীয় পতাকা

লাগিয়ে দেয়। অন্য দিকে, তৃণমূল কংগ্রেসের দাবি, স্ট্রংরুমের বাইরে কারা কোথায় তাঁবু বসাবে, তা নিয়ে কোনও আলোচনা না-করেই একতরফা সিদ্ধান্ত নিয়েছে বিজেপি। দু'পক্ষের মধ্যে বাগ্‌বিতণ্ডার জেরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে স্ট্রংরুমের বাইরে। কেন্দ্রীয় বাহিনীর জওয়ান এবং পুলিশ আধিকারিকেরা দ্রুত সেখানেই পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন।

এদিকে ভোট গননার আগে তৃনমূল কংগ্রেস গতকাল ২৯৪টি কেন্দ্রের কাউন্টিং এজেন্টদের সঙ্গে বৈঠক করেছে। দলের প্রধান মমতা ব্যানার্জি ও সাধারন সম্পাদক অভিষেক ব্যানার্জির নেতৃত্বে এই ভার্চুয়াল বৈঠক হয়। কোনো কেন্দ্রে জয়ের ব্যবধান কম হলে পুনর্গননার দাবি তুলতে হবে বলে এজেন্টদের নির্দেশ দেওয়া হয়েছে।

অন্যদিকে গণনার প্রস্তুতি নিয়ে গতকাল আসানসোলে পর্যালোচনা বৈঠক করেছে বিজেপি। পুরুলিয়া বিভাগের চারটি সাংগঠনিক জেলার প্রার্থীদের এই বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনসল, ভূপেন্দ্র যাদব প্রমুখ।

দলের মহিলা মোর্চার সদস্যদের আজ সকাল থেকে রাজ্যের সর্বত্র স্ট্রংরুমের সামনে অবস্থানে বসার নির্দেশ দিয়েছে বিজেপি।

---------------

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ এসআইআর-এর কাজে নিযুক্ত বিএলও-দের প্রাপ্য বকেয়া অবিলম্বে মিটিয়ে দেওয়ার দাবি জানিয়েছে। মঞ্চের তরফে এব্যাপারে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দেওয়া হয়েছে। ঐ চিঠিতে অ্যাসিসটেন্ট বিএলও-দের উপযুক্ত ভাতা প্রদান এবং নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর বিএলও-দের দ্রুত দায়িত্ব থেকে অব্যাহতির দাবিও জানানো হয়েছে।

----------------

মেডিকেলে স্নাতক পর্যায়ে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ন্যাশানাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট - নিট ইউজি আজ নেওয়া হবে। দুপুর ২টোয় শুরু হয়ে পরীক্ষা বিকেল ৫ টা পর্যন্ত চলবে। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের শেষ সময় দুপুর ১ টা ৩০ মিনিট। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক এবং শিক্ষা মন্ত্রকের অনুমোদনক্রমে ২০১৯ সাল থেকে স্নাতক পর্যায়ের মেডিকেল শিক্ষায় ভর্তির উদ্দেশে এই নিট ইউজি পরীক্ষাটি হয়ে আসছে।

----------------

হুগলীর সিঙ্গুরের গোপালনগরে দুর্ঘটনার জেরে ট্রাকে আগুন লেগে চালকের মৃত্যু হয়েছে। জানা গেছে, গতকাল কলকাতা থেকে আসার সময়ে গোপালনগরের কাছে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে ডিভাইডারে ধাক্কা দেয়। এরপরই এতে আগুন লেগে যায়। নিহত রঞ্জিত কুমার তাঁতি ঝাড়খন্ডের দেওয়ঘরের বাসিন্দা।

----------------

রাজ্যের বেশিরভাগ জেলাতেই আগামী কয়েকদিন ঝড়-বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। আজ থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে বলে জানানো হয়েছে।

উত্তরবঙ্গের পাঁচ জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুত্ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কোথাও কোথাও ভারী বৃষ্টির সম্ভবনা।

এদিকে, দক্ষিণবঙ্গের দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, হাওড়া এবং দুই ২৪ পরগণায় ঝড়বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। বাকি জেলা গুলিতেও বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে।

উপকূলবর্তী এলাকাগুলিতে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের ৫ তারিখ পর্যন্ত গভীর সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

---------------

পূর্ব বর্ধমানের মঙ্গলকোটের গণপুরে গতরাতে বাজ পড়ে বিকাশ মাঝি নামে এক যুবকের মৃত্যু হয়েছে।

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে ঝড় ও বৃষ্টিতে শিতুলিয়া এলাকায় বেশ কয়েকটি মাটির বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। উপড়ে পড়েছে বড় গাছ, বিদ্যুত্-এর খুঁটি।

রেললাইনের ওপর গাছ ভেঙে পড়ায় পুরুলিয়ার চান্ডিল শাখায় আপ – ডাউন উভয় লাইনেই বেশ কিছু সময় ব্যাহত হয় ট্রেন চলাচল।

এদিকে, পূর্ব বর্ধমানের বিস্তীর্ণ অঞ্চলে কালবৈশাখী ঝড়বৃষ্টিতে বোরো ধানের ব্যাপক ক্ষতির খবর মিলেছে।

---------------

আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে। হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর সাড়ে তিনটেয়।

--------------- ---------------